ঝিনাইদহে ছাত্রদলের পদবঞ্চিত নেতাকর্মীদের বিক্ষোভ মিছিল

কেন্দ্র ঘোষিত ঝিনাইদহ জেলা ছাত্রদলের কমিটিতে পদবঞ্চিত নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন। এসময় তারা নবঘোষিত কমিটি পুনর্বিবেচনার জোর দাবি জানান।

আজ শনিবার বিকেলে শহরের ওয়াজির আলী হাইস্কুল মাঠ থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলে জেলা ছাত্রদলের নবঘোষিত কমিটির সিনিয়র সহ-সভাপতি সাইদুর রহমান শাহেদ, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বখতিয়ার মাহমুদ, আব্দুস সালাম, কেসি কলেজ ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক শিপন মাহমুদ ও হিমেল আহম্মেদ উপস্থিত ছিলেন।

মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এসময় “আপোষ না সংগ্রাম, সংগ্রাম সংগ্রাম”, “অবৈধ কমিটি মানি না, মানব না” ইত্যাদি স্লোগানে মুখরিত হয়ে ওঠে শহর। পরে মিছিলটি পায়রা চত্বরে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

ছাত্রদল নেতা বখতিয়ার মাহমুদের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রদলের সদ্য ঘোষিত কমিটির সিনিয়র সহ-সভাপতি সাইদুর রহমান শাহেদ, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম প্রমুখ।

এসময় জেলা ছাত্রদলের সাবেক ও বর্তমান কমিটির পদবঞ্চিত নেতাকর্মীরা জানান, সদ্য ঘোষিত কমিটি প্রকাশের পরদিনই তারা নিজেদের ফেসবুক আইডিতে পদত্যাগের ঘোষণা দেন। পদবঞ্চিত নেতারা কেন্দ্র ঘোষিত কমিটি পুনর্বিবেচনার দাবিতে স্লোগান দিতে থাকেন। সমাবেশে তিন নেতা তাদের পদত্যাগপত্রও প্রদর্শন করেন।

বিক্ষোভ সমাবেশে বক্তব্যকালে নবঘোষিত কমিটির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বখতিয়ার মাহমুদ বলেন, “যাদের সভাপতি-সাধারণ সম্পাদক করা হয়েছে, তাদের সিভি দেখুন, আমাদের সিভি দেখুন। রাজপথের ত্যাগ ও দলীয় কর্মসূচিতে আমাদের অবদান যাচাই করুন। এই কমিটি একটি পকেট কমিটি। ঝিনাইদহের সাধারণ ছাত্রসমাজ এই কমিটি দেখে হতাশ হয়েছে।”

সদ্য ঘোষিত কমিটির সহ-সভাপতি সাইদুর রহমান শাহেদ বলেন, “দীর্ঘদিন আমরা আওয়ামী সরকারের বিরুদ্ধে রাজপথে আন্দোলন করেছি।

হামলা, মামলা ও জেল-জুলুমের শিকার হয়েছি। আজ যখন আমাদের দল সরকার গঠন করেছে, তখন দুর্দিনের ত্যাগী নেতাকর্মীদের অবমূল্যায়ন করা হচ্ছে। ষড়যন্ত্র, স্বজনপ্রীতি ও অবৈধ লেনদেনের মাধ্যমে ছাত্রদলের কমিটি গঠন করা হয়েছে।”

তিনি আরও বলেন, “আমরা ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আদর্শে বিশ্বাসী। সে কারণে আমরা বিশৃঙ্খলার পথে হাঁটিনি। দলীয় শৃঙ্খলা বজায় রেখে গঠনমূলকভাবে ঘোষিত কমিটির বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। একই সঙ্গে ঝিনাইদহ জেলা ছাত্রদলের কমিটি পুনর্বিবেচনার জোর দাবি জানাচ্ছি।”